



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০



www.pib.gov.bd

সভাপতি মোহাম্মদ আফরাজুর রহমান
পরিচালক (প্রশাসন)
সভার তারিখ ০৭ আগস্ট ২০২২ খ্রি.
সভার সময় সকাল ১১:০০টা
স্থান পরিচালক (প্রশাসন)-এর দপ্তর
উপস্থিতি পরিশিষ্ট-ক
সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুসারে দফাওয়ারি কার্যক্রম উপস্থাপনের জন্য ইনোভেশন টিমের সদস্য ও মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা-কে আহ্বান জানান। সেই অনুসারে জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা প্রথমে জানান, গত ৪ আগস্ট ২০২২ খ্রি. তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন অফিসার এর সভাপতিত্বে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর বাস্তবায়ন সংক্রান্ত এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় তিনি যোগদান করেছেন। উক্ত সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ নির্ধারিত সময় অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়নের জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। অতঃপর তিনি পিআইবি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুসারে দফাওয়ারি কার্যক্রম উপস্থাপন করেন। সকল কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এতে সকল সদস্য অংশ নেন। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ	১।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক [১.২.১] অনুযায়ী ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ তৈরির কাজ মন্ত্রণালয় প্রদত্ত ছক অনুযায়ী চূড়ান্ত করার জন্য আগামী ১৭ আগস্ট ২০২২ খ্রি. তারিখে পিআইবি'র ইনোভেশন টিমের একটি সভা করা হবে।
	২।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক [১.১.১] অনুযায়ী ন্যূনতম একটি সেবাসহজিকরণ ও একটি ডিজিটাইজেশনের ধারণা নির্ধারণ ও বাস্তবায়নের জন্য কর্মসম্পাদন সূচক [২.২.১] অনুযায়ী পিআইবি'র উপযুক্ত কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে প্রথম প্রান্তিকে এ সংক্রান্ত একটি কর্মশালা আয়োজন করা হবে।
	৩।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক [১.৩.১] অনুযায়ী ই-ফাইলের ব্যবহার বৃদ্ধি করার জন্য পিআইবি'র নথি সংশ্লিষ্ট অস্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের ই-ফাইলে যুক্ত করা হবে।

এছাড়া সভাপতি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০ ২২-২০ ২৩ নির্ধারিত সময় অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আফরাজুর রহমান
পরিচালক (প্রশাসন)

স্মারক নম্বর: ১৫.৬২.০০০০.০০২.১৬.০০৪.১৭.১৭৭

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯

০৮ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (প্রশাসন), প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
- ২) গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি), (চলতি দায়িত্ব) গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
- ৩) উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
- ৪) প্রভাষক, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

৫) মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)



মো. জাকির হোসেন
উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব)